আলমডাঙ্গায় স্বপ্ন সুপারশপে ভ্রাম্যমাণ আদালতের অভিযান

আলমডাঙ্গা উপজেলায় স্বপ্ন সুপারশপে মেয়াদোত্তীর্ণ বোতলজাত পানি বিক্রির অভিযোগে ভ্রাম্যমাণ আদালত অভিযান পরিচালনা করেছে।

সোমবার চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের নির্বাহী ম্যাজিস্ট্রেটের নেতৃত্বে এ অভিযান পরিচালিত হয়।

মেহেরপুর প্রতিদিনসহ স্থানীয় বিভিন্ন পত্রিকায় সংবাদ প্রকাশের পর এ অভিযান চালানো হয়। এ সময় চুয়াডাঙ্গা জেলা প্রশাসনের সহকারী কমিশনার সাকিল মাহমুদ শফিউল্লাহ ও পুলিশের একটি টিম সুপারশপে বিভিন্ন পণ্য পরীক্ষা করে দেখেন মেয়াদোত্তীর্ণ কোনো পণ্য রয়েছে কি না। অভিযানে দোকানের ম্যানেজারকে সতর্ক করা হয়।

ভুক্তভোগী রাজা আহম্মেদ, পেশায় মোবাইল ব্যবসায়ী, জানান গত শনিবার রাত ৮টার দিকে তিনি আলমডাঙ্গা পৌর শহরের স্বপ্ন সুপারশপ থেকে বোতলজাত পানি ক্রয় করেন। পরে বোতলের গায়ে থাকা লেবেল পরীক্ষা করে দেখেন, পানিটির মেয়াদ প্রায় এক মাস আগেই শেষ হয়ে গেছে।

এতে সন্দেহ হলে তিনি পুনরায় দোকানে গিয়ে আরও কয়েকটি বোতল যাচাই করেন। তার দাবি, সেগুলোর মধ্যেও এক থেকে দুই মাস আগে মেয়াদোত্তীর্ণ হওয়ার তথ্য পাওয়া যায়।

ঘটনাটি জানাজানি হলে স্থানীয়দের মধ্যে উদ্বেগ ছড়িয়ে পড়ে। তাদের মতে, নিত্যপ্রয়োজনীয় খাদ্যপণ্যে এ ধরনের অনিয়ম জনস্বাস্থ্যের জন্য মারাত্মক ঝুঁকি তৈরি করতে পারে। তারা দ্রুত বিষয়টি তদন্ত করে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার দাবি জানান।

অভিযোগের বিষয়ে স্বপ্ন সুপারশপের অপারেশন ম্যানেজার মাহবুব রহমান বলেন, “সম্ভবত ভুলবশত কিছু মেয়াদোত্তীর্ণ পানি বিক্রির জন্য শপে রয়ে গেছে। আগে একজন কর্মী এসব পণ্যের দেখভাল করতেন, তিনি সম্প্রতি চাকরি ছেড়ে দিয়েছেন। বিষয়টি আমরা অভ্যন্তরীণভাবে তদন্ত করছি।”

এ ঘটনায় সংশ্লিষ্ট কর্তৃপক্ষ প্রয়োজনীয় ব্যবস্থা নেবে বলে জানা

গেছে।

জ্বালানি সরবরাহে শৃঙ্খলা আনতে কাজ করছে জেলা প্রশাসন

জ্বালানি সরবরাহে শৃঙ্খলা নিশ্চিতকরণ এবং সড়ক নিরাপত্তা জোরদারের লক্ষ্যে মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে সমন্বিত ভ্রাম্যমাণ আদালত ও পরিদর্শন কার্যক্রম পরিচালনা করা হয়েছে।

শুক্রবার দিনব্যাপী এ অভিযান পরিচালিত হয়। একই সঙ্গে মোটরসাইকেলের রেজিস্ট্রেশন ও ড্রাইভিং লাইসেন্স না থাকায় জরিমানা আদায় করা হয়েছে।

জেলা প্রশাসনের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আরাফাত হোসেনের নেতৃত্বে সদর উপজেলায় মেহেরপুর ফিলিং স্টেশন, জেড কে ফিলিং স্টেশন, হক ফিলিং স্টেশন, আমিন ফিলিং স্টেশন ও নূর ফিলিং স্টেশনে মোবাইল কোর্ট অভিযান চালানো হয়। এসময় জ্বালানি তেলের সঠিক পরিমাপ, নির্ধারিত মূল্যে বিক্রয় এবং কোনো ধরনের অনিয়ম বা কৃত্রিম সংকট সৃষ্টি না করার বিষয়ে সংশ্লিষ্টদের সতর্ক করা হয়। পাশাপাশি কর্মীদের শৃঙ্খলা বজায় রেখে সেবা প্রদানের নির্দেশনা দেওয়া হয়।

অন্যদিকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট আবীর আনসারীর নেতৃত্বে সদর উপজেলার শতাব্দী ফিলিং স্টেশন ও মা ফিলিং স্টেশন এবং মুজিবনগর উপজেলার মুজিবনগর ফিলিং স্টেশন ও অনামিকা ফিলিং স্টেশন পরিদর্শন করা হয়। এসময় জ্বালানি নিতে আসা মোটরসাইকেল আরোহীদের ড্রাইভিং লাইসেন্স ও যানবাহনের বৈধ কাগজপত্র (রেজিস্ট্রেশন) সঙ্গে রাখা এবং সড়ক পরিবহন আইন, ২০১৮ অনুযায়ী হেলমেট পরিধান নিশ্চিত করার জন্য সচেতন করা হয়।

এদিকে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট মোঃ এস্তামুল হকের নেতৃত্বে গাংনী উপজেলার শেখ ফিলিং স্টেশন, গাংনী ফিলিং স্টেশন ও রূপক ফিলিং স্টেশন পরিদর্শন করা হয়। পরিদর্শনকালে জ্বালানির মজুদ

পরিস্থিতি, বিক্রয় রেজিস্টার সংরক্ষণ ও হালনাগাদ অবস্থা যাচাই করা হয়। একই সঙ্গে সরকারি বিধি-বিধান অনুসরণ করে স্বচ্ছতার সঙ্গে গ্রাহকদের জ্বালানি সরবরাহ নিশ্চিত করার নির্দেশনা প্রদান করা হয়।

এছাড়াও গাংনী উপজেলার বামুন্দি মোড়ে সড়ক পরিবহন আইন, ২০১৮ এর আওতায় পৃথক মোবাইল কোর্ট পরিচালনা করা হয়।

অভিযানে মোটরসাইকেলের রেজিস্ট্রেশন ও ড্রাইভিং লাইসেন্স না থাকার অপরাধে আইনের ৬৬ ও ৭২ ধারায় ৫টি মামলায় মোট ২ হাজার ১০০ টাকা অর্থদণ্ড প্রদান করা হয়। জেলা প্রশাসন জানিয়েছে, জনস্বার্থে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

মেহেরপুরে ফিলিং স্টেশন পরিদর্শন ও ভ্রাম্যমাণ আদালতের অভিযান

মেহেরপুরে ফিলিং স্টেশন পরিদর্শন ও বাজারে ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা করা হয়েছে।

বুধবার জেলা প্রশাসনের এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট শেখ তৌহিদুল কবীরের নেতৃত্বে সদর উপজেলার নূর ফিলিং স্টেশন, হক ফিলিং স্টেশন এবং জেড. কে ফিলিং স্টেশন পরিদর্শন করা হয়।

পরিদর্শনকালে মজুদ রেজিস্টারের সঙ্গে সংরক্ষিত তেলের পরিমাণ মিলিয়ে দেখা হয়। এ সময় পাম্প মালিকদের তেল মজুদ থাকা সাপেক্ষে নিয়মিত সরবরাহ অব্যাহত রাখা এবং কোনো ধরনের কৃত্রিম সংকট সৃষ্টি না করার জন্য নির্দেশনা প্রদান করা হয়।

পরবর্তীতে সদর উপজেলার আমঝুপি বাজারে গরু ও খাসির মাংসের দোকানগুলোতে ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা করা হয়। অভিযানকালে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯-এর ৩৯ ও ৪০ ধারায় দুইটি পৃথক মামলায় দুইজন ব্যবসায়ীকে মোট ২ হাজার ৫০০ টাকা

জরিমানা করা হয়।

এছাড়া ব্যবসায়ীদের মূল্য তালিকা প্রদর্শন এবং নির্ধারিত মূল্যে মাংস বিক্রির জন্য নির্দেশনা প্রদান করা হয়।

গাংনীতে ভ্রাম্যমাণ আদালতে মাদকসেবীর জেল-জরিমানা

মেহেরপুরের গাংনী উপজেলার বাওট গ্রামে ভ্রাম্যমাণ আদালতের অভিযানে বেদ আলী (৫০) নামের এক মাদকসেবীকে সাত দিনের বিনাশ্রম কারাদণ্ড ও ২০০ টাকা জরিমানা করা হয়েছে।

মঙ্গলবার সকাল সাড়ে ১০টার দিকে ভ্রাম্যমাণ আদালতের নির্বাহী হাকিম ও গাংনী উপজেলা নির্বাহী অফিসার আনোয়ার হোসেন এ দণ্ড প্রদান করেন। দণ্ডপ্রাপ্ত বেদ আলী বাওট গ্রামের মোল্লাপাড়ার মৃত করিম মণ্ডলের ছেলে।

ভ্রাম্যমাণ আদালত সূত্র জানায়, বেদ আলী নিজ বাড়িতে মাদক সেবন করছে এমন গোপন সংবাদের ভিত্তিতে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি টিম সেখানে অভিযান চালায়। অভিযানে এক পুরিয়া গাঁজা ও গাঁজা সেবনের সরঞ্জাম উদ্ধার করা হয়।

পরে ভ্রাম্যমাণ আদালত বসিয়ে অপরাধ প্রমাণিত হওয়ায় তাকে সাত দিনের বিনাশ্রম কারাদণ্ড প্রদান করা হয়। একই সঙ্গে ২০০ টাকা জরিমানা করা হয়। সাজাপ্রাপ্ত বেদ আলীকে তাৎক্ষণিকভাবে কারাগারে পাঠানো হয়েছে।

আলমডাঙ্গায় ভ্রাম্যমাণ আদালতে মাদক ব্যাবসায়ীর জেল-জরিমানা

আলমডাঙ্গায় মাদকের দুর্গে সহকারী কমিশনার (ভূমি) হানা দিয়ে মাদকরানী নামে খ্যাত মিন্নির ২বছর কারাদণ্ড দিয়েছে। সেই সাথে ১ লাখ টাকা জরিমানা অনাদায়ে অতিরিক্ত ৩ মাসের বিনাশ্রম কারাদণ্ড দেয়।

আলমডাঙ্গা ‘মাদকরানী’ নামে অতিপরিচিত কুখ্যাত মাদক ব্যবসায়ী মিন্নিকে ২ বছরের বিনাশ্রম কারাদণ্ড ও ১ লক্ষ টাকা অর্থদণ্ড দিয়েছেন ভ্রাম্যমাণ আদালত। অনাদায়ে তাকে অতিরিক্ত ৩ মাসের বিনাশ্রম কারাদণ্ড ভোগ করতে হবে।

মঙ্গলবার (১৭ ফেব্রুয়ারি ২০২৬) সকাল সাড়ে ১০টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে এই অভিযান পরিচালনা করেন সহকারী কমিশনার (ভূমি) এ এস এম শাহনেওয়াজ মেহেদী। অভিযানে সার্বিক সহযোগিতা করেন আলমডাঙ্গা থানার এসআই সোহাগ-এর নেতৃত্বাধীন চৌকস পুলিশ টিম।

ভ্রাম্যমাণ আদালতের অভিযানকালে মিন্নির নিজ বাড়ি থেকে ১৭ পিস ট্যাপেন্টাডল ট্যাবলেট, একটি মোবাইল ফোন এবং মাদক বিক্রির নগদ ৩ হাজার ৫০০ টাকা জব্দ করা হয়। আসামির স্বীকারোক্তি ও প্রত্যক্ষ সাক্ষ্যের ভিত্তিতে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইন, ২০১৮-এর সংশ্লিষ্ট ধারায় তাকে দণ্ড প্রদান করা হয়।

স্থানীয় সূত্রে জানা গেছে, স্টেশনপাড়া এলাকায় দীর্ঘদিন ধরে প্রভাবশালী মহলের সহায়তায় মাদক ব্যবসা চালিয়ে আসছিল মিন্নি। একাধিক ব্যক্তিকে সঙ্গে নিয়ে সে পুরো এলাকাকে মাদকের আখড়ায় পরিণত করে তোলে। ফলে এলাকায় মাদকাসক্তি ও অপরাধ প্রবণতা আশঙ্কাজনকভাবে বেড়ে যায়।একাধিক প্রভাবশালী ব্যক্তি হয়ে ওঠে তার ব্যবসায়ীক অংশীদার। রাতারাতি নাম হয়ে ওঠে মাদক রানী।এছাড়াও তার এই মাদক ব্যাবসায়ীতে তার ছোট জামাই আহাদ আলি সকল অপকর্ম দেখভাল করে আসছে।মিনি ও তার পরিবার দীর্ঘদিন ধরে স্টেশন এলাকায় মাদকের অভয়ারণ্যে ব্যাবসা চালিয়ে যাচ্ছে।

উল্লেখ্য, এর কিছু দিন আগেও এসআই সোহাগ, সহকারী কমিশনার (ভূমি)- এর সঙ্গে প্রায় আধা কিলোমিটার দৌড়ে মিনির মেয়ে ‘আলোমতি’ নামের এক মাদক ব্যবসায়ীকে গ্রেপ্তার করে এলাকায় প্রশংসা কুড়ান। এছাড়াও

ড্রাইভার আব্দুল্লাহ আল আমিন দায়িত্বশীলতার সঙ্গে কাজ করে আসামির পালিয়ে যাওয়ার চেষ্টা ব্যর্থ করে দেন।

অভিযান শেষে সহকারী কমিশনার (ভূমি) এ এস এম শাহনেওয়াজ মেহেদী বলেন,“যুবসমাজকে রক্ষা করতে মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি বাস্তবায়নে এ ধরনের অভিযান ভবিষ্যতেও অব্যাহত থাকবে।

এসময় উপস্থিত ছিলেন জেলা মাদকদ্রব্য অধিদপ্তরের একটি টিম ও মোবাইল কোর্টের বেঞ্চ সহকারী তারিকুল ইসলাম।

আলমডাঙ্গায় আচরণ বিধি লঙ্ঘিত হওয়ায় ভ্রাম্যমাণ আদালতে জরিমানা

আলমডাঙ্গায় নির্বাচনী প্রচারণায় আচরণ বিধি লঙ্ঘিত হওয়ায় ভ্রাম্যমান আদালতে জরিমানা আদায় করা হয়েছে। গতকাল বিকালে উপজেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে ভ্রাম্যমান আদালতে জরিমানা করা হয়েছে।

আলমডাঙ্গা উপজেলা সহকারী কমিশনার (ভূমি) এ এস এম শাহনেওয়াজ মেহেদী এই ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করেন। আলমডাঙ্গা থানা পুলিশ ও বিজিবির এক চৌকস যৌথ বাহিনীর টিম এই ভ্রাম্যমাণ আদালত পরিচালনায় সার্বিক সহোযোগিতা করেন।

গতকাল হাটবোয়ালিয়া থেকে বিএনপি’র সমাবেশে অতিরিক্ত মোটরসাইকেল ব্যাবহার ও রঙিন ব্যানার ব্যাবহার করার অপরাধে ১০০০০/ জরিমানা আদায় করা হয়। আলমডাঙ্গা রুপালী ব্যাংকের সামনে জামায়াত ইসলামীর মনোনীত প্রার্থীর পক্ষে প্রচার প্রচারণায় রঙিন ব্যানার ব্যাবহার করার অপরাধের ৫ হাজার টাকা, বাদেমাজু গ্রামে একই অপরাধে জামায়াতে ইসলামীর নূর মোহাম্মদ টিপু কে ৫ হাজার টাকা জরিমানা করা হয়।

আলমডাঙ্গা সহকারী কমিশনার (ভূমি) এ এস এম শাহনেওয়াজ মেহেদী বলেন,

নির্বাচন চলাকালীন সময়ে অনিয়মে এই রকম অভিযান অব্যাহত থাকবে।

কোটচাঁদপুরে মুদি দোকানে ভ্রাম্যমাণ আদালতের জরিমানা

কোটচাঁদপুর উপজেলা প্রশাসন কর্তৃক বিভিন্ন মুদি দোকানে মোবাইল কোর্ট অভিযান পরিচালনা করা হয়েছে। গতকাল মঙ্গলবার কোটচাঁদপুর শহরের চৌগাছা স্ট্যান্ডে বিভিন্ন মুদি দোকানে এ অভিযান পরিচালনা করা হয়।

এসময় ২ জন দোকান মালিককে মোট দুই হাজার টাকা জরিমানা করা হয়েছে। এজাজ আহমেদকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৮ ধারা মোতাবেক এক হাজার টাকা এবং নাফিসকে একই আইনে এক হাজার টাকা জরিমানা করা হয়।

ভ্রাম্যমাণ আদালতে অভিযান পরিচালনা করেন, কোটচাঁদপুর উপজেলা সহকারী কমিশনার ভুমি ও এক্সিকিউটিভ ম্যাজিস্টেট সোহেল রানা। এসময় উপজেলা ভূমি অফিসের সার্টিফিকেট পেশকার সুব্রত মন্ডলসহ কোটচাঁদপুর মডেল থানা পুলিশের একটি চৌকস দল উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় ভ্রাম্যমাণ আদালতে দুই জনের জরিমান

আলমডাঙ্গা উপজেলা নির্বাহী ম্যাজিষ্ট্রেট সহকারি কমিশনার (ভূমি) আশিষ কুমার বসু অভিযান চালিয়ে দুইজনকে জরিমানা করেছে।

গতকাল আলমডাঙ্গা উপজেলা সহকারি কমিশনার (ভূমি) আশিষ কুমার বসু অভিযান চালিয়ে একটি দোকানে ও একটি মটর সাইকেল যাত্রী কে জরিমানা

করেছে। আলমডাঙ্গা সহকারি কমিশনার ভুমি প্রধান সড়কে রাস্তার পাশে চলাচলের রাস্তা দখল করে মালামাল রাখার কারণে মানুষের চলাচলের অসুবিধা হচ্ছে এই অভিযোগে অত্যবশকীয় পণ্য নিয়ন্ত্রণ আইন ১৯৫৬ এর ৬ ধারায় আলামিন ক্রোকারিজের মালিককে ৫০০০ টাকা এবং ড্রাইভিং লাইসেন্স ও মটর সাইকেলের কোন কাগজ পত্র না থাকায় সড়ক পরিবহন আইন ২০১৮ অনুযায়ী মোটরসাইকেল চালক জাকির হোসেনকে ১৫০০টাকা জরিমানা করা হয়েছে।

এ সময় উপস্থিত ছিলেন, আলমডাঙ্গা পৌর সভার স্যানিটারী ইন্সপেক্টর মাহফুজ রানা, বাজার পরিদর্শক সুরত আলি, নাগরিক কমিটির সাধারণ সম্পাদক খন্দকার হাবিবুল করিম চঞ্চল, আবু সাইম, জেহের আলি, মনিরুজ্জামান, সোহেল রানা, আশরাফ আলি, হাফিজুর রহমান মন্ডল প্রমুখ।

মুজিবনগরে সার ও কীটনাশকের দোকানে ভ্রাম্যমাণ আদালতের অভিযান

মেহেরপুরের মুজিবনগরে সার ও কীটনাশকের দোকানে ভ্রাম্যমাণ আদালতের অভিযান পরিচালনা করে ১ ব্যবসায়ীর কাছ থেকে ১০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

আজ রবিবার (৮ ডিসেম্বর) সন্ধ্যা ছয়টার সময় মুজিবনগর উপজেলার পুরন্দরপুর বাজারে বিএডিসি বীজ ও সার ডিলার অলিলুর রহমানের মেসার্স অলিল এন্ড ব্রাদার্স এর গোডাউনে ভ্রাম্যমাণ আদালতের মোবাইল কোর্ট পরিচালনা করেন উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম।

এ বিষয়ে উপজেলা নির্বাহী অফিসার খাইরুল ইসলাম জানান, বিএডিসি বীজ ও সার ডিলার অলিলুর রহমান অনুমোদিত লাইসেন্স, ট্রেড লাইসেন্স দেখাতে না পারায় এবং বিভিন্ন অনিয়ম পাওয়ায় ভোক্তা অধিকার সংরক্ষণ আইন, ২০০৯ এর বিভিন্ন ধারায় ১০ হাজার টাকা জরিমানা করা

হয়েছে।

তিনি আরও জানান, এ উপজেলার জন্য বরাদ্দকৃত সার অন্য জেলা বা উপজেলায় বিক্রয় না করতে, সারের মূল্য তালিকা টানাতে, সরকার নির্ধারিত মূল্যের চেয়ে অতিরিক্ত মূল্যে সার, বীজ বা কীটনাশক বিক্রয় না করতে, মেয়াদোত্তীর্ণ সার বা কীটনাশক বিক্রয় না করতে এবং সরকার কর্তৃক নির্ধারিত অন্যান্য নিয়ম নীতি অনুসরণ করতে কঠোরভাবে সতর্ক করা হয়।

এ সময় আরও উপস্থিত ছিলেন উপজেলা কৃষি অফিসার আব্দুল মোমিন, ছাত্র সমন্বয়ক শাওন শেখ ও তামিমুর রহমান তুষার।

এছাড়াও মুজিবনগর থানার এস আই আশরাফুল এর নেতৃত্বে পুলিশের একটি টিম ও কৃষি অফিসের অন্যন্য কর্মকর্তা-কর্মচারীবৃন্দ নির্বাহী ম্যাজিস্ট্রেটকে সহযোগিতা করেন।

দামুড়হুদায় ভ্রাম্যমাণ আদালতে তিনটি প্রতিষ্ঠানে জরিমানা

দামুড়হুদা উপজেলা সদরের তিনটি প্রতিষ্ঠানকে ১২ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত। ভ্রাম্যমান আদালত পরিচালনা করেন চুয়াডাঙ্গা জেলা ভোক্তা অধিকার সংরক্ষণ এর সহকারী পরিচালক সজল আহমেদ।

আজ বৃহস্পতিবার সকাল ১১ টার দিকে দামুড়হুদা চৌরাস্তার মোড়ে মেসার্স সেলিম মিষ্টান্ন ভাণ্ডার, টুকিটাকি ষ্টোর ও মেসার্স আলফাজ ডিম হাউজের মালিককে এ জরিমানা করা হয়।

জানাযায়,দামুড়হুদা সদরের তিনটি প্রতিষ্ঠানে পণ্য বিক্রয়ের মুল্য তালিকা প্রদর্শন না করে পণ্য বিক্রয় করার অপরাধে দোষি সাবস্ত করে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৩৭/৪৩ ধারায় চৌরাস্তার মোড়ে মেসার্স সেলিম মিষ্টান্ন ভাণ্ডারের মালিক সেলিম উদ্দীনকে ৪ হাজার টাকা, ৩৮/৪৫ ধারায় মেসার্স আলফাজ ডিম হাউজের মালিক

মোহাম্মদ আলিকে ৩ হাজার টাকা এবং একই আইনে মেসার্স টুকিটাকি ষ্টোরের মালিককে ৫ হাজার টাকা জরিমানা করেছেন ভ্রাম্যমাণ আদালত।

ভ্রাম্যমান আদালত পরিচালনায় সহযোগিতা করেন দামুড়হুদা মডেল থানা’র পুলিশ।